

তারিখ ১৪ নভেম্বর ২০০২
পৃষ্ঠা ১৬

জাল সার্টিফিকেট বিক্রির অভিযোগে বরগুনা আলীয়া মদ্রাসার কেরানী প্রেফতার

বরগুনা জেলা সংবাদদাতা : বাংলাদেশ মদ্রাসা শিক্ষাবোর্ডের বিভিন্ন শ্রেণীর মূল সার্টিফিকেট জাল-জালিয়াতির মাধ্যমে তৈরী করে বিক্রয়ের অভিযোগে বরগুনায় অভিযুক্ত সেনা সদস্যরা বরগুনা আলীয়া মদ্রাসার কেরানী মোশাররফ হোসেনকে গ্রেফতার করেছে।

উক্ত কেরানী মোশাররফ হোসেন মদ্রাসা বোর্ডের একটি প্রভাবশালী মহলের সাথে যোগাযোগের মাধ্যমে সীর্ষদিন জাল সার্টিফিকেট বিক্রি করে আসছিল। এখাপারে বরগুনায় তার ব্যাপক দুর্নাম থাকলেও বিষয়টি ছিল ধরা-ছোয়ার বাইরে। সংশ্লিষ্ট সেনা সদস্যরা বরগুনায় এলে সুনির্দিষ্ট নির্মিত অভিযোগের ভিত্তিতে তাকে গ্রেফতার করে। জানা গেছে, জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে সে এখাবত ১২৭টি জাল সার্টিফিকেট বিক্রয়ের কথা স্বীকার করেছে।

তবে সে বলেছে, এখাপারে তার গ্রামের প্রতিবেশী জটনক সামসুল আলমের মুখ্য ভূমিকা রয়েছে। প্রতিটি সার্টিফিকেটের জন্য ৩ থেকে ৪ হাজার টাকা গ্রহণ করলেও মোশাররফ পেত মাত্র ৫শ' টাকা। বাকি টাকা সামসুল আলমের মাধ্যমে মদ্রাসা বোর্ডের বিভিন্ন খাতে ভাগ হতো। সামসুল আলমকে গ্রেফতার করা সত্ত্বেও হোসেনকে মোশাররফকে থানা পুলিশে সোপর্দ করা হয়েছে। তার বিরুদ্ধে জাল-জালিয়াতি ও প্রতারণার মামলা দায়ের করে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

১৪ নভেম্বর